# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours Part-I Examination, 2020

## BENGALI

## PAPER-I

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। যে-কোন ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৬×১= ১৬

(ক) শিবায়ন কাব্যকে কি মঙ্গল কাব্যধারার অন্তর্ভুক্ত করা যায় ? এই কাব্যধারার শ্রেষ্ঠ কবির কৃতিত্বের পরিচয় দাও। ১৬

(খ) ভারতচন্দ্রের প্রধান কাব্যটির নাম কি ? তিনি কাব্যটিকে কয়টি খণ্ডে বিন্যস্ত করেছিলেন ? খণ্ডগুলির সংক্ষিপ্ত আলোচনা করে তাঁর কাব্য প্রতিভার পরিচয় দাও। ১৬

(গ) বিদ্যাসাগর-ই প্রথম বাংলা গদ্যকে প্রকৃত সাহিত্য ভাষার উপযোগী করে তুলেছেন — আলোচনা করো। ১৬

(ঘ) ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্রের উপন্যাসগুলির নাম লেখো এবং তাঁর সাহিত্যকৃতির পরিচয় দাও। ১৬

(ঙ) সংক্ষিপ্ত টীকা লেখোঃ (***চারটি***) ৪×৪= ১৬

কবীন্দ্র পরমেশ্বর, গোরক্ষনাথ, চন্দ্রাবতীর রামায়ণ, অদ্বৈত মল্লবর্মণ, ভারতী, পথের পাঁচালী, গণদেবতা, এষা, অন্তঃশীলা।

(চ) নাট্যকার হিসাবে শেক্সপীয়রের কৃতিত্ব আলোচনা করো। ১৬

(ছ) কোলরিজের কাব্যগুলির পরিচয় দাও এবং সংক্ষেপে তাঁর কাব্য বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ১৬

২। সংক্ষিপ্ত টীকা লেখোঃ (যে-কোন ***একটি***) ৪×১= ৪

লুসি কবিতাবলী, লিরিক্যাল ব্যালড্‌স্ , দ্য টেম্পেষ্ট, ওড টু এ নাইটিঙ্গিল।

৩। (ক) উচ্চারণ প্রকৃতি অনুসারে বাংলা ব্যঞ্জনধ্বনিগুলির শ্রেণী বিন্যাস করো। ১০

**অথবা**

শব্দের অর্থ পরিবর্তনের কারণ কি ? শব্দের অর্থ পরিবর্তনের প্রধান প্রধান ধারাগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো।

(খ) ব্যুৎপত্তি নির্ণয় করোঃ (যে-কোন ***আটটি***) ১×৮= ৮

আইবুড়ো, আখড়া, ইঁদারা, পৈতা, পালকি, দলুই, চিড়া, ঘুঁটে, জাঁদরেল, দেউল, রাখাল, পড়শী, সাঁড়াশী।

(গ) টীকা লেখোঃ (যে-কোন ***তিনটি***) ৪×৩= ১২

স্বরসঙ্গতি, সমীভবন, অপিনিহিতি, বিপ্রকর্ষ, সুভাষণ, সাদৃশ্য।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours Part-I Examination, 2020

## BENGALI

## PAPER-II

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। যে-কোন ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১=১০

(ক) মহাকাব্য কাকে বলে ? মহাকাব্য কত ধরনের হতে পারে ? সাহিত্যিক মহাকাব্যের বৈশিষ্ট্য উদাহরণসহ ব্যাখ্যা করো। ১০

(খ) গীতিকবিতার বৈশিষ্ট্য উল্লেখ করে কি কি ধরনের কবিতাকে গীতিকবিতায় শ্রেণীভুক্ত করা যায় তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

(গ) গাথাকাব্যের বৈশিষ্ট্য নির্দেশ করো। বাংলা গাথাকাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

(ঘ) টীকা লেখোঃ (যে-কোনো ***দুটি*** ) ৫×২= ১০

সনেট, রামায়ণ মহাকাব্যের শ্রেণীবিচার, প্রাচীন গীতিকবিতার বৈশিষ্ট্য, আখ্যানকাব্য।

২। যে-কোন ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৬×১=১৬

(ক) পূর্বরাগ কাকে বলে ? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব তোমার পাঠ্যপদ অবলম্বনে ব্যাখ্যা করো। ১৬

(খ) ‘মাথুর’ পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা বিদ্যাপতির কবিতাগুলির মধ্যে যে-কোনো একটি পাঠ্যপদের রসমূল্যায়ন করো। ১৬

(গ) কবি মুকুন্দকে ‘দুঃখবাদী’ কবি বলা কতটা সঙ্গত বলে তোমার মনে হয় ? ১৬

(ঘ) চণ্ডীমঙ্গল কাব্যের ফুল্লরা অথবা ভাঁড়ু দত্ত চরিত্রের চিত্র অঙ্কনে কবি মুকুন্দের কৃতিত্ব আলোচনা করো। ১৬

(ঙ) ‘আগমনী ও বিজয়া’র পদগুলি অবলম্বনে মা ও মেয়ের সম্পর্ককে এই পর্যায়ের কবিরা কিভাবে কবিতার ছত্রে গেঁথেছেন আলোচনা করো। ১৬

৩। দলবৃত্ত অথবা মাত্রাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য উদাহরণসহ ব্যাখ্যা করো। ৬

**অথবা**

টীকা লেখোঃ(***দুটি***) ৩×২= ৬

দল, মাত্রা, ছেদ।

৪। যে-কোনো ***তিনটি*** ছন্দের ছন্দোলিপি নির্ণয় করোঃ ৪×৩= ১২

(অ) ভূতের মতন চেহারা যেমন নির্বোধ অতি ঘোর।
যা কিছু হারায় গিন্নী বলেন কেষ্টা বেটাই চোর।

(আ) গুপ্তিপাড়ায় জন্ম তাহার নিন্দাবাদের দংশনে
অভিমানে মরতে গেল মোগলসরাই জংশনে।

(ই) কে মেরেছে কে ধরেছে কে দিয়েছে গাল।
তাই তো খুকু রাগ করেছে ভাত খায়নি কাল।

(ঈ) দানব-নন্দিনী আমি রক্ষোকুলবধূ,
রাবণ শ্বশুর মম মেঘনাদ স্বামী;
আমি কি ডরাই সখী ভিখারী রাঘবে ?

৫। যে-কোন ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×১= ৬

(ক) অনুপ্রাস কি ? উদাহরণসহ অনুপ্রাসের শ্রেণীবিভাগ করো। ৬

(খ) টীকা লেখোঃ(***দুটি***) ৩×২= ৬

শ্লেষ, পরম্পরিত রূপক, ব্যতিরেক।

(গ) অলঙ্কার নির্ণয় করোঃ (যে-কোনো ***দুটি*** ) ৩×২= ৬

(অ) কুলায় কাঁপিছে কাতর কপোত।

(আ) সোনার হাতে সোনার কাঁকন কে কার অলঙ্কার।

(ই) ছাতার অবস্থাখানা জরিমানা দেওয়া মাইনের মতো বহু ফুটি ফাটা তার।

(ঈ) কণ্ঠস্বরে বজ্র লজ্জাহত।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours Part-II Examination, 2020

## BENGALI

## PAPER-III

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১=১০

(ক) আঞ্চলিক উপন্যাস কাকে বলে ? এই জাতীয় উপন্যাসের বৈশিষ্ট্যগুলি আলোচনা করে কয়েকটি বাংলা আঞ্চলিক উপন্যাসের উদাহরণ দাও। ১০

(খ) চেতনাপ্রবাহ রীতির উপন্যাস কাকে বলে ? এর বৈশিষ্ট্যগুলি লেখো। এই জাতীয় উপন্যাসের সূচনা কোথায় ও কোন উপন্যাসে হয়েছিল ? বাংলা ভাষায় রচিত কয়েকটি চেতনাপ্রবাহ রীতির উপন্যাস ও সেগুলির ঔপন্যাসিকের নাম লেখো। ১০

(গ) পাঠ্যতালিকার বাইরে যে কোনো একটি ছোটগল্পের আলোচনা প্রসঙ্গে ছোটগল্পের বৈশিষ্ট্যগুলি লেখো। ১০

(ঘ) ছোটগল্প ও উপন্যাসের পার্থক্য আলোচনা করো। ১০

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৬×১=১৬

(ক) 'রজনী' উপন্যাসের নামকরণ কীভাবে সার্থক হয়েছে উপন্যাস আলোচনা করে লেখো। ১৬

(খ) শচীন্দ্র ও অমরনাথের মধ্যে কে 'রজনী' উপন্যাসের নায়ক হয়ে উঠেছে যুক্তিসহ ব্যাখ্যা করো। ১৬

(গ) 'চোখের বালি' উপন্যাসের পরিণতি যুক্তিসঙ্গত কি না উপন্যাস অবলম্বনে আলোচনা করো। ১৬

(ঘ) 'চোখের বালি'র বিনোদিনী কীভাবে নিজের স্বাতন্ত্র্য, ব্যক্তিত্ব ও অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে আধুনিক নারী চরিত্রের প্রতিভূ হয়ে উঠেছে সেটি লেখো। ১৬

(ঙ) 'পল্লীসমাজ' উপন্যাসের বিশ্বেশ্বরী চরিত্র কতটা স্বাভাবিক ও সঙ্গতিপূর্ণ বিচার করো। ১৬

(চ) '' 'পল্লীসমাজ' উদ্দেশ্যমূলক রচনা হলেও শিল্পসার্থকতা বঞ্চিত নয়'' — মন্তব্যটির যাথার্থ্য বিচার করো। ১৬

৩। নিম্নলিখিত যে-কোনো ***তিনটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৪×৩ =১২

(ক) ''তুই ভালোবাসার কি জানিস''– কে কাকে কোন প্রসঙ্গে কথাগুলি বলেছিল ?

(খ) ''আমার মাথায় আকাশ ভাঙ্গিয়া পড়িল'' – কার মাথায় এবং কেন আকাশ ভেঙ্গে পড়েছিল ?

(গ) ''তুই কেন আমার পুত্রবধূ হয়ে এলি নে'' – বক্তা কে ? কাকে বলা হয়েছে ? কথাগুলির মধ্যে বক্তার চরিত্রের যে পরিচয় ফুটে উঠেছে সেটি লেখো।

(ঘ) ‘‘বিনোদিনী তাহাকে দুই হাতে বুকের মধ্যে চাপিয়া ধরিয়া ঝরঝর করিয়া কাঁদিতে লাগিল।’’ – কাকে ধরার কথা বলা হয়েছে ? কান্নার কারণ ব্যাখ্যা করো।

(ঙ) ‘‘দেখিতে দেখিতে এই বৃহৎ থালার অর্ধেক মিষ্টান্ন এই তিন প্রাচীন ম্যালেরিয়া ক্লিষ্ট সদব্রাহ্মণের জলযোগে নিঃশেষিত হইয়া গেল।’’ – এই তিন প্রাচীন সদব্রাহ্মণ কারা ? ‘সদব্রাহ্মণ’ শব্দ ব্যবহারের তাৎপর্য লেখো।

৪। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×১=১২

(ক) ‘একরাত্রি’ গল্পের শিল্পসার্থকতার পরিচয় দাও। ১২

(খ) ‘হৈমন্তী’ গল্পের হৈমন্তী কেমন করে পারিবারিক প্রথার বলি হয়েছিল লেখো। ১২

(গ) হাস্যরসাত্মক গল্প হিসাবে ‘বলবান জামাতা’ গল্পটি কতখানি সফল হয়েছে ব্যাখ্যা করো। ১২

(ঘ) ‘স্বদেশী কোম্পানী’ গল্পটির বিশদ পরিচয় দিয়ে এর শ্রেণী নির্দেশ করো। ১২

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours Part-II Examination, 2020

## BENGALI

## PAPER-IV

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১=১০

(ক) ব্যক্তিগত প্রবন্ধ ও বিষয়নিষ্ঠ প্রবন্ধের পার্থক্যগুলি আলোচনা করো। এই জাতীয় প্রবন্ধের উদাহরণসহ সেগুলির প্রাবন্ধিকের নাম লেখো। ১০

(খ) ভ্রমণ সাহিত্য বলতে কী বোঝায় ? এই ধরনের একটি উপযুক্ত রচনা অবলম্বনে ভ্রমণ সাহিত্যের বৈশিষ্ট্য লেখো। ১০

(গ) সাহিত্য সমালোচনার তুলনামূলক পদ্ধতি কাকে বলে ? বাংলায় রচিত এই ধরনের সমালোচনার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

(ঘ) কোন ধরনের রচনাকে ডায়ারি বলা হয় ? বাংলা সাহিত্যের একজন ডায়ারি লেখকের পরিচয় দাও। এই জাতীয় রচনার গুরুত্ব বিচার করো। ১০

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৬×১=১৬

(ক) 'পঞ্চভূত' গ্রন্থের 'নরনারী' প্রবন্ধ অনুসরণে সমাজে নারী পুরুষের অবস্থান সম্পর্কে রবীন্দ্রনাথের অভিমত ব্যাখ্যা করো। ১৬

(খ) ''সত্য বলিব কিন্তু সে সত্য বানাইয়া বলিব।'' পাঞ্চভৌতিক সভার সদস্যদের সত্য সম্পর্কে ধারণার পরিচয় দাও। এ সম্বন্ধে ভূতনাথবাবুর বক্তব্য লেখো। ১৬

(গ) রবীন্দ্রনাথের সাহিত্যসৃষ্টির উপরে সংস্কৃত সাহিত্য কি রূপ প্রভাব ফেলেছিল সেটি 'রবীন্দ্রনাথ ও সংস্কৃত সাহিত্য' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। ১৬

(ঘ) ''সেই সামাজিক মহোৎপাতের দিন নীচের জিনিস উপরে এবং উপরের জিনিস নীচে বিক্ষিপ্ত হইতে ছিল।'' – মন্তব্যটি অনুসরণে বাংলা সাহিত্যের পটভূমির পরিচয় দাও। ১৬

(ঙ) 'রবীন্দ্রনাথ ও উত্তরসাধক' প্রবন্ধে বুদ্ধদেব বসু রবীন্দ্রোত্তর কবিদের মূল্যায়ন যে ভাবে করেছেন সেটি লেখো। ১৬

(চ) বহির্জগতের সঙ্গে মানবজগতের সম্পর্কের মাধ্যমে পৃথক একটি জগৎ সাহিত্যিক কিভাবে গড়ে তোলেন 'সাহিত্যের স্বরূপ' প্রবন্ধ আলোচনা করে তার পরিচয় দাও। ১৬

৩। যে-কোনো ***তিনটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৪×৩ = ১২

(ক) ঈশ্বর গুপ্তের ব্যঙ্গের প্রকৃতি দৃষ্টান্তসহ লেখো।

(খ) ‘ডায়ারি একটা কৃত্রিম জীবন’ – পঞ্চভূত গ্রন্থের কোন প্রবন্ধে একথা বলা হয়েছে ? এর অর্থ কী ?

(গ) প্রমথ চৌধুরীর মতে কাব্য ও দর্শনের পার্থক্য কোথায় লেখো।

(ঘ) ‘‘এই অন্তরঙ্গ উপন্যাসে বাস্তবতার বহিরাশ্রয় নেই’’ – প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো।

(ঙ) ‘‘নিরাসক্ত একাগ্রতা যেখানে নাই সেখানে বাহিরের আয়োজনও কোন কাজে লাগে না।’’ – এই উক্তির তাৎপর্য ‘বিজ্ঞানে সাহিত্য’ প্রবন্ধ অনুসরণে লেখো।

৪। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×১=১২

(ক) ‘‘ ‘ছিন্নপত্র’ আকারে চিঠি কিন্তু প্রকারে রবীন্দ্রনাথের মনের আয়না’’ — আলোচনা করো। ১২

(খ) ছিন্নপত্রের কোনো কোনো চিঠিতে যে শুভ্র সুন্দর হাস্যরসের পরিচয় আছে তা সংক্ষেপে লেখো। ১২

(গ) ‘ছিন্নপত্রের মূলরস অকৃত্রিম মানবরস’ — আলোচনা করো। ১২

(ঘ) ‘‘রবীন্দ্রনাথের অনেক ছোটগল্প রচনার বীজ ছিন্নপত্রে ইতস্ততঃ ছড়িয়ে রয়েছে’’ – প্রয়োজনীয় চিঠিগুলির আলোচনায় বিষয়টি স্পষ্ট করো। ১২

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours Part-III Examination, 2020

## BENGALI

## PAPER-V

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

***The word limit mentioned below against each question to be strictly followed by the students:***
***3 marks-50 words / 5 marks-100 words / 8 marks-220 words / 10 marks-300 words.***

১। যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১= ১০

(ক) ট্র্যাজেডিতে ক্যাথারসিসের ভূমিকা আলোচনা করো।

(খ) কমেডি কী ? কমেডির স্বরূপ বৈশিষ্ট্যের পরিচয় দাও।

(গ) রূপক নাটক কাকে বলে ? বাংলা নাট্যসাহিত্যে অন্যতম শ্রেষ্ঠ একটি রূপক নাটকের পরিচয় দাও।

(ঘ) কোন্ কোন্ বৈশিষ্ট্যে একটি নাটক একাঙ্ক নাটক হয়ে ওঠে উদাহরণ সহযোগে বোঝাও।

২। যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১= ১০

(ক) নাট্যনিয়ন্ত্রণ আইন কী ? এই আইন বাংলা নাটক ও রঙ্গমঞ্চকে কী কোনোভাবে প্রভাবিত করেছিল ?

(খ) বাংলা রঙ্গমঞ্চে লেবেদফের ভূমিকা কতখানি আলোচনা করো।

(গ) বাংলা রঙ্গমঞ্চে বেলগাছিয়া থিয়েটারের গুরুত্ব আলোচনা করো।

(ঘ) সংক্ষিপ্ত পরিচয় দাওঃ ৫×২= ১০

(অ) শিশিরকুমার ভাদুড়ী, (আ) মিনার্ভা থিয়েটার

৩। 'নীলদর্পণ' নাটকটি নাট্যকারের কোন্ উদ্দেশ্য সফল করেছিল বলে তোমার মনে হয় ? যুক্তিসহ আলোচনা করো। ৮

**অথবা**

'নীলদর্পণ' নাটকের ভদ্র ও ভদ্রেতর চরিত্রগুলি আলোচনা করে চরিত্র সৃষ্টিতে নাট্যকারের সাফল্য ও ব্যর্থতার পরিচয় দাও।

৪। “ ‘মুক্তধারা’ নাটকে রবীন্দ্রনাথ যান্ত্রিকতা এবং হিংসাত্মক জাতীয়তার বিরুদ্ধে প্রতিবাদ ঘোষণা করেছেন” — আলোচনা করো। ৮

**অথবা**

“যন্ত্রের চেয়ে মানুষ বড়ো – সে কথা মানুষকে প্রাণ দিয়ে প্রমাণ করতে হয়।” – ‘মুক্তধারা’ নাটকে অভিজিতের প্রাণ বলিদানের তাৎপর্য এই উক্তির আলোকে ব্যাখ্যা করো।

৫। ‘ছেঁড়াতার’ নাটকের নামকরণ কতটা তাৎপর্যপূর্ণ হয়ে উঠেছে বলে তুমি মনে করো ? ৮

**অথবা**

‘ছেঁড়াতার’ নাটকটির নায়িকা হিসেবে ফুলজান চরিত্রটির মূল্যায়ন করো।

৬। যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×২ = ৬

(ক) “ওমা, কি লজ্জা! বড় বাবুকে মুখখান দেখালাম।” – উক্তিটি কার ? এই উক্তি থেকে তার কী পরিচয় পাওয়া যায় ?

(খ) “আহা! জমি তো নয় য্যান সোনার চাঁপা।” – তাৎপর্য ব্যাখ্যা করো।

(গ) ‘মুক্তধারা’ নাটকে জনতা চরিত্রের ভূমিকার পরিচয় দাও।

(ঘ) “জুড়াইছে ? জুড়াইছে ? আল্লা অ্যাঁয় কি জুড়াইছে” - কে, কোথায় একথা বলেছে ? উক্তিটির তাৎপর্য লেখো।

(ঙ) “মানুষের মন নিয়ে আমাদের কারবার।” - বক্তা কে ? এর মধ্য দিয়ে বক্তার কোন্ মনোভাবের পরিচয় পাওয়া যায় ?

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours Part-III Examination, 2020

## BENGALI

## PAPER-VI

Time Allotted: 2 Hours Full Marks: 50

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

***The word limit mentioned below against each question to be strictly followed by the students: 6 marks-150 words / 8 marks-220 words / 10 marks-300 words.***

১। ‘বীরাঙ্গনা’ কাব্যে প্রাচ্য ও পাশ্চাত্য কাব্যাদর্শের প্রভাব সম্পর্কে আলোচনা করো। ৮

**অথবা**

‘সোমের প্রতি তারা’ পত্রে কবি ‘তারা’ চরিত্রকে কবির তৃতীয় নয়ন দিয়ে এঁকেছেন বলে সমালোচকরা মনে করেন — তুমি কী এই মত সমর্থন করো ?

২। ‘সোনার তরী’ কাব্যের নাম কবিতার রূপক অর্থের পরিচয় দাও। ৮

**অথবা**

‘বৈষ্ণব কবিতা’-য় কবির মূল ভাবনা ব্যক্ত করো।

৩। ‘নবজাতক’ কাব্যের নামকরণ কতটা যুক্তিযুক্ত, তোমার পাঠ্য প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে বোঝাও। ৮

**অথবা**

‘নবজাতক’ কাব্যের ‘বুদ্ধভক্তি’ কবিতায় কবির ব্যতিক্রমী চিন্তার যে প্রকাশ ঘটেছে তার স্বরূপ উন্মোচন করো।

৪। যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) ‘ত্রিরত্ন’ কবিতায় কবি ত্রিরত্ন বলতে কাদের বুঝিয়েছেন ? এই ত্রিরত্নের পরিচয় দিয়ে এদের মধ্যে শ্রেষ্ঠ রত্ন হিসেবে তুমি কাকে আসন দিতে চাও ? ১০

(খ) ‘চম্পা’ কবিতায় কবি যে বন্দনার ভাষা ব্যবহার করেছেন, সেই ভাষায় কবির যে আধুনিক চেতনা প্রতিফলিত তার স্বরূপ ব্যাখ্যা করো। ১০

(গ) ‘পথের দাবী’ কবিতায় কবি জীবনকে ভালোবেসেছেন, মানুষকে ভালোবেসেছেন, আর এই ভালোবাসাতে কবিতাটি কীভাবে অনন্য হয়ে উঠেছে — আলোচনা করো। ১০

(ঘ) ‘কচি ডাব’ কবিতায় কবির শিবচেতনার পরিচয় দাও। ১০

৫। যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) ‘বন্দীর বন্দনা’ কবিতাকে অনেকে রবীন্দ্র প্রভাবের বিরুদ্ধে প্রথম বিদ্রোহের সোপান বলে মনে করেন – কবিতাটি অবলম্বনে তা বিচার করো। ১০

(খ) ‘উট পাখী’ কবিতায় যে রূপক ধর্মীতা ধরা পড়েছে, কবিতাটির সংক্ষিপ্ত পরিচয়ে তা ব্যক্ত করো। ১০

(গ) ‘ফুল ফুটুক না ফুটুক’ কবিতাটিতে জীবনের প্রত্যেকটি মুহূর্তের যে বাসন্তিক মাদকতা আমাদের স্পর্শ করে তার পরিচয় দাও। ১০

(ঘ) ‘টপ্পা ঠুংরী’ কবিতাটি রবীন্দ্রানুসারী কবিতা নয়, বরং খাঁটি আধুনিক কবিতা। – মন্তব্যটি পর্যালোচনা করো। ১০

৬। যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×১ = ৬

(ক) ‘বীরাঙ্গনা’ কাব্যটি কবে প্রকাশিত হয় ? এখানে নায়িকাদের লেখা কয়টি পত্র আছে ? কাব্যটি কবি কাকে, কেন উৎসর্গ করেছিলেন ?

(খ) ‘‘‘ওগো’ তুমি কোথা যাও কোন্ বিদেশে’’ – এখানে তুমি কে ? উদ্বৃতিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(গ) ‘যেতে নাহি দিব’ কবিতায় যে বিরহের সুর ধরা পড়েছে, সংক্ষেপে তার পরিচয় দাও।

(ঘ) ‘নবজাতক’ কবিতায় কবি কার জয়গান করেছেন ? অতি সংক্ষেপে সেই জয়গানের প্রসঙ্গটি আলোচনা করো।

(ঙ) ‘অর্জুনের প্রতি দ্রৌপদী’র যে সুনির্দিষ্ট অভিযোগ, সেগুলি সূত্রাকারে লেখো।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours Part-III Examination, 2020

## BENGALI

## PAPER-VII

Time Allotted: 2 Hours Full Marks: 50

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

***The word limit mentioned below against each question to be strictly followed by the students:***
***6 marks-150 words / 8 marks-220 words / 10 marks-300 words.***

১। ‘ধাত্রীদেবতা’ উপন্যাসের শিবনাথ চরিত্রের যে বিবর্তন তাকে ব্যতিক্রমী চরিত্র করে তুলেছে তা আলোচনা করো। ৮

**অথবা**

‘ধাত্রীদেবতা’ উপন্যাসের নামকরণ কতটা যুক্তিযুক্ত বলে তুমি মনে করো ?

২। ‘পদ্মা নদীর মাঝি’ উপন্যাসে মাঝি জীবনের যে নানা উত্থান-পতন সংকুল ছবি ঔপন্যাসিক এঁকেছেন, তার পরিচয় দাও। ৮

**অথবা**

কপিলা অথবা কুবের চরিত্রের যে রক্ত-মাংসের সত্তা ঔপন্যাসিক কলমের আঁচড়ে তুলে ধরেছেন, তার পরিচয় দাও।

৩। ‘জাগরী’ উপন্যাসে বর্ণিত সমকালীন রাজনীতির পরিচয় দাও। ৮

**অথবা**

‘জাগরী’ উপন্যাসের ‘মা’ চরিত্রটি প্রকৃত অর্থে যে মা, তারই পরিচয় ধরা পড়েছে বারবার — আলোচনা করো।

৪। যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) ‘সত্যবতী’ চরিত্রটি যথার্থ অর্থেই সজীব ও ব্যতিক্রমী — আলোচনা করো। ১০

(খ) তৎকালীন সমাজে নারীর যে অবস্থান ‘প্রথম প্রতিশ্রুতি’ উপন্যাসে ধরা পড়েছে, তা সংক্ষেপে আলোচনা করো। ১০

(গ) ‘প্রথম প্রতিশ্রুতি’ উপন্যাসের নামকরণ কতটা সার্থক হয়েছে — আলোচনা করো। ১০

(ঘ) ‘প্রথম প্রতিশ্রুতি’ উপন্যাসের রামকালী ও ভুবনেশ্বরী চরিত্রের পরিচয় দাও। ১০

৫। যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) ‘লম্বকর্ণ’ গল্পের হাস্যরস সৃজনে রাজশেখর বসুর মুন্সীয়ানার পরিচয় দাও। ১০

(খ) ‘চড়াই-উৎরাই’ গল্পের নামকরণের তাৎপর্য ব্যাখ্যা করো। ১০

(গ) ‘পুঁইমাচা’ গল্পের ট্র্যাজেডির স্বরূপ বর্ণনা করো। ১০

(ঘ) ‘নিষাদ’ গল্পে জলকুর মৃত্যুর জন্য কাকে দায়ী বলে তোমার মনে হয় – যুক্তিসহ লেখো। ১০

৬। যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×১ = ৬

(ক) ‘‘চলিতে হইবে, সে একলাই চলিবে।’’ - কার চলার কথা বলা হয়েছে ? কখন, কোন্ উদ্দেশ্যে সে চলতে চেয়েছে ?

(খ) ‘ধাত্রীদেবতা’ উপন্যাসে ঘোড়া কেনা ঘটনাটির মধ্যে কীসের ইঙ্গিত রয়েছে — সংক্ষেপে ব্যাখ্যা করো।

(গ) ‘‘মানসী প্রিয়ার যৌবন চলিয়া যায়, পদ্মা তো চির যৌবনা’’ — মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(ঘ) হোসেন মিয়ার গানটির তাৎপর্য লেখো।

(ঙ) নীলুর দেওয়া সাক্ষ্য সম্বন্ধে বিলু কী ধারণা পোষণ করে ?

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours Part-III Examination, 2020

## BENGALI

## PAPER-VIII

Time Allotted: 2 Hours Full Marks: 50

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

***The word limit mentioned below against each question to be strictly followed by the students: 4 marks-60 words / 8 marks-220 words / 10 marks-300 words.***

১। যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১= ১০

(ক) কালিদাসের ‘মেঘদূতম’ কাব্যটির শ্রেণিবিচার করে কাব্যটির সৌন্দর্যের পরিচয় দাও। ১০

(খ) সংস্কৃত সাহিত্যের ইতিহাসে নাট্যকার হিসাবে কালিদাসের অবদান ও স্থান নির্ণয় করো। ১০

(গ) ‘হর্ষচরিত’ আখ্যায়িকা অবলম্বনে বাণভট্টের সৃজন প্রতিভার পরিচয় দাও। ১০

(ঘ) ভবভূতির মালতীমাধব নাটকের কাহিনি নির্মাণ শৈলীর পরিচয় দাও। ১০

২। যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১= ১০

(ক) নাট্যকার হিসেবে ভারতেন্দু হরিশ্চন্দ্রের কৃতিত্ব আলোচনা করো। ১০

(খ) মৈথিলী শরণগুপ্তের কাব্যের প্রধান প্রধান বৈশিষ্ট্য আলোচনা করো। ১০

(গ) প্রেমচন্দ আসলে উপেক্ষিত ও নিপীড়িত মানুষের কথাকার — আলোচনা করো। ১০

(ঘ) সুমিত্রানন্দন পন্থের কবিতার ছত্রে ছত্রে ধরা পড়েছে রবীন্দ্র মতাদর্শের সুর — আলোচনা করো। ১০

৩। বিভাব, অনুভাব, সঞ্চারী সহযোগে কীভাবে রসের নিষ্পত্তি হয় আলোচনা করো। ৮

**অথবা**

ধ্বনি কাকে বলে ? ধ্বনির শ্রেণিবিভাগ করো। এর মধ্যে শ্রেষ্ঠ ধ্বনি কোন্‌টি ?

৪। ‘সৌন্দর্য বোধ’ প্রবন্ধে রবীন্দ্রনাথের সৌন্দর্য চেতনার পরিচয় দাও। ৮

**অথবা**

‘‘সাহিত্যের বিষয় মানব হৃদয় ও মানব চরিত্র’’ – রবীন্দ্রনাথের উক্তিটির যথার্থতা আলোচনা করো।

৫। যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৪×১= ৪

(ক) রসকে অলৌকিক বলা হয় কেন ? ৪

(খ) স্থায়ীভাব কয়টি ও কী কী ? ৪

(গ) সত্যই আনন্দ, সত্যই অমৃত — ব্যাখ্যা করো। ৪

(ঘ) ‘নীরব কবিত্ব’-কে রবীন্দ্রনাথ বাজে কথা বলেছেন কেন ? ৪

৬। প্রবন্ধ রচনা করোঃ (যে-কোনো ***একটি*** ) ১০

(ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে সমাজচিত্র।

(খ) মঙ্গলকাব্যে নারী।

(গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

(ঘ) রূপক সাংকেতিক নাটক।

(ঙ) উত্তরবঙ্গের লোকজীবনে লোকসাহিত্যের প্রভাব।

——×——